



বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট
প্রশাসন ও অর্থ উইং
নশিপুর, দিনাজপুর-৫২০০
Bangladesh Wheat and Maize Research Institute
Admin & Finance Wing
Nashipur, Dinajpur-5200
www.bwmri.gov.bd

কৃষি সমৃদ্ধি

টেলিফোন : ০২৫৮৮৮১৭৭৩১

ই-মেইল : dirafbwmri17@gmail.com

স্মারক নং-১২.২৬.০০০০.০০২.৪৩.০০১.২৪-৩৪/২

তারিখ : ০১/০৩/২০২৬ খ্রি.

দপ্তরাদেশ

অত্র ইনস্টিটিউট এর বাসা-বাড়ি ব্যবস্থাপনা কমিটির সুপারিশের প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত কর্মচারীদের নামে বাসাগুলি বরাদ্দ দেয়া হলো।

ক্রমিক নং	নাম ও পদবী	বরাদ্দকৃত বাসা	বাসা বরাদ্দের তারিখ	বাসা বরাদ্দের কারণ
১	ইলিয়াছ অফিস সহায়ক কৃষিতত্ত্ব বিভাগ বিডাল্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর	কর্মচারী একক আবাসন পুরাতন বিল্ডিং নীচতলা (পশ্চিম)	০১/০৩/২০২৬	আবেদনের প্রেক্ষিতে
২	সোহেল রানা অফিস সহায়ক সংগ্রহভাণ্ডার প্রযুক্তি ও পুষ্টি বিভাগ বিডাল্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর	কর্মচারী একক আবাসন পুরাতন বিল্ডিং নীচতলা (পূর্ব)	০১/০৩/২০২৬	আবেদনের প্রেক্ষিতে

শর্তাবলী :

- আগামী ০১/০৩/২০২৬ খ্রি. তারিখ হইতে ১০/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই বরাদ্দকৃত বাসা দখল করিতে হইবে এবং অত্র প্রতিষ্ঠানের অন্য কোন বাসা/ ফ্ল্যাট/ বাড়ী তাহার দখলে থাকিলে তাহা অবশ্যই ছাড়িয়া দিতে হইবে এবং ১০/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে বরাদ্দকৃত বাসার দখল বুঝিয়া লইতে ব্যর্থ হইলে বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হইবে।
- ০১/০৩/২০২৬ খ্রি. তারিখ হইতে বাসা বরাদ্দ কার্যকর বলিয়া গণ্য হইবে।
- নির্ধারিত সময় সীমার মধ্যে বাসার দখল গ্রহণ করিতে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।
- বরাদ্দকৃত বাসা/ ফ্ল্যাট/ বাড়ীতে আসিতে একবার অনিচ্ছা প্রকাশ করিলে ভবিষ্যতে কিংবা পরবর্তীতে তাহাকে আর বাসা/ ফ্ল্যাট/ বাড়ী বরাদ্দ দেয়া যাইবে না এবং এই ব্যাপারে কোন আবেদন করিলে তাহা কোন ক্রমেই বিবেচনা করা যাইবে না।
- বরাদ্দকৃত বাসা সম্পূর্ণ কিংবা আংশিকভাবে ভাড়া দেওয়া বা অন্য কোন লোককে বসবাস করতে দেওয়া যাইবে না।
- বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি নিজ দায়িত্বে বরাদ্দকৃত বাসা পরিষ্কার পরিচ্ছন্নতাসহ সৌন্দর্য রক্ষার দায়িত্ব গ্রহণ করিবেন। কোন প্রকার ক্ষয়ক্ষতি হইলে তাহাকেই ক্ষতিপূরণ দিতে হইবে।
- অত্র প্রতিষ্ঠান গবেষণামূলক প্রতিষ্ঠান বিধায় নির্মল পরিবেশ রক্ষার্থে কোন অবস্থাতেই বাসায় হাঁস, মুরগী, গরু, ছাগল ইত্যাদি প্রতিপালন করা যাইবে না।
- প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হারে বাসা ভাড়া, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহের বিল (যাহা প্রযোজ্য) নিয়মিতভাবে পরিশোধ করিতে হইবে এবং বাসা দখলের তারিখ হইতে বাসা ভাড়া, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহের বিল (যাহা প্রযোজ্য) ইত্যাদি তাহার মাসিক বেতন বিল হইতে/নগদ রশিদের মাধ্যমে কর্তন করা হইবে।
- প্রতিষ্ঠানের প্রয়োজনে চাহিদা মাত্র ১৫ (পনের) দিনের নোটিশে বাসা/ ফ্ল্যাট/ বাড়ী ছাড়িয়া দিতে বাধ্য থাকিবেন।

১০. বরাদ্দকৃত বাসা পরিবর্তন কিংবা বাসা বাতিলের সময় বরাদ্দকৃত বাসার যাবতীয় ফিটিংস ও ফিকচার অবশ্যই প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট বুঝিয়া দিতে হইবে।
১১. অত্র প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা/ কর্মচারীকে বিনা ভাড়ায় বাসস্থানের কোন সুবিধা প্রদান করা হইলে, তাহাদেরকেও প্রচলিত নির্ধারিত হারে পানি, বিদ্যুৎ ও গ্যাস বিল পরিশোধ করিতে হইবে।
১২. এম এস/পিএইচ ডি ডিগ্রী গ্রহণের জন্য বিদেশ গেলে বাসা ছাড়িয়া দিতে হইবে তবে অনিবার্য কারণবশতঃ বাসা দখল অপরিহার্য হইয়া পড়িলে সে ক্ষেত্রে অবশ্যই কর্তৃপক্ষের বিশেষ পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।
১৩. বাসার ভিতরে রান্নার কাজে লাকড়ী, খড়ি, পাটখড়ি ইত্যাদি ব্যবহার করা যাইবে না। যদি কর্তৃপক্ষের নজরে এই ধরনের অভিযোগ আসে তাহা হইলে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।
১৪. প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক সিদ্ধান্ত অনুযায়ী বাসা ভাড়া নগদ রশিদের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।
১৫. প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বাসা বরাদ্দের ক্ষেত্রে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট-এ স্থায়ীভাবে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের চাহিদা না থাকা পর্যন্ত বরাদ্দ বলবৎ থাকিবে। এ ব্যাপারে কাহারো কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
১৬. ইহা ছাড়া কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সময়ে আরোপিত বিভিন্ন নির্দেশাবলী তাহাকে মানিয়া চলিতে হইবে।


স্বাক্ষরিত/-

(ড. মোঃ মাহফুজ বাজ্জাজ)

মহাপরিচালক

অনুলিপিঃ

১. সিনিয়র সহকারী পরিচালক, প্রশাসন / হিসাব শাখা, বিডার্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিডার্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর
৩. ইলিয়াছ, অফিস সহায়ক, কৃষিতত্ত্ব বিভাগ, বিডার্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর
৪. সোহেল রানা, অফিস সহায়ক, সংগ্রহোত্তর প্রযুক্তি ও পুষ্টি বিভাগ, বিডার্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর
- ✓ ৫. আইসিটি শাখা, বিডার্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)
৬. সংশ্লিষ্ট নথি
৭. অফিস নথি



(ড. মোঃ আব্দুল হাকিম)

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি

বাসা-বাড়ি ব্যবস্থাপনা কমিটি

বিডার্লিউএমআরআই, নশিপুর, দিনাজপুর